



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

### বরিশাল

স্মারক নং বশিবো/পনি/এসএসসি/২০২০/১৪৭

তারিখঃ ১৩ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ

২৭ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

### এসএসসি পরীক্ষা-২০২০ কেন্দ্রসচিবগণের প্রতি জরুরি নির্দেশনা

শিক্ষা মন্ত্রণালয়ের ১৪.১০.২০১৯ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১৭-১০০২ নং স্মারকের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কেন্দ্রসচিবগণকে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের এসএসসি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও ইতিবাচক পরিবেশে সম্পন্নের লক্ষ্যে নিম্নবর্ণিত গুরুত্বপূর্ণ নির্দেশাবলী পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে বলা হলো।

- ০১। পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে। অনিবার্য কারণে কোন পরীক্ষার্থীকে এর পরে প্রবেশ করতে দিলে তার নাম, রোল নম্বর, প্রবেশের সময়, বিলম্ব হওয়ার কারণ ইত্যাদি একটি রেজিস্টারে লিপিবদ্ধ করে ঐদিনই শিক্ষাবোর্ডে প্রতিবেদন দিতে হবে। একই পরীক্ষার্থী একাধিকবার বিলম্ব করলে তদন্ত করতে হবে।
- ০২। কেন্দ্রসচিব ব্যতীত পরীক্ষা কেন্দ্রে অন্য কেউ মোবাইল ফোন বা অননুমোদিত ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার করতে পারবেন না। কেন্দ্রসচিব ছবি তোলা ও ইন্টারনেট ব্যবহারের সুবিধাবিহীন একটি সাধারণ (ফিচার) ফোন ব্যবহার করতে পারবেন। অননুমোদিত ফোন বা ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহারকারীগণের বিরুদ্ধে বিধি অনুযায়ী কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৩। পরীক্ষা চলাকালীন পরীক্ষা কেন্দ্রের ২০০ গজের মধ্যে শিক্ষক, ছাত্র ও কর্মচারীদের মোবাইল, মোবাইল ফোনের সুবিধাসহ ঘড়ি, কলম এবং পরীক্ষা কেন্দ্রে ব্যবহারের অনুমতিবিহীন যে কোন ইলেক্ট্রনিক ডিভাইস ব্যবহার নিষিদ্ধ থাকবে, নির্দেশ অমান্যকরীদের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০৪। জেলার ক্ষেত্রে ট্রেজারি এবং উপজেলাস্থ থানা লকারে প্রশ্নপত্রের ট্রাইক সংরক্ষণ করতে হবে।
- ০৫। ট্রেজারিতে রাখিত প্রশ্নপত্র পরীক্ষা শুরুর তিন দিন পূর্বে দিনভিত্তিক সর্টিং করে সিকিউরিটি খামে সংরক্ষণ করতে হবে।
- ০৬। জেলা ট্রেজারিতে জেলা প্রশাসক মনোনীত একজন উর্ধ্বতন কর্মকর্তার উপস্থিতিতে প্রশ্নপত্র সর্টিং করতে হবে। বিষয় ও দিনভিত্তিক একই সেটের সকল প্রশ্ন একটি মাস্টার সিকিউরিটি খামে প্যাকেটজাত করতে হবে।
- ০৭। ট্রেজারি-থানা হতে প্রশ্নপত্র গ্রহণ ও পরিবহন কাজে নিয়োজিত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারীগণ কোন ফোন ব্যবহার করতে পারবেন না এবং প্রশ্নপত্র বহন কাজে কালো কাঁচযুক্ত মাইক্রোবাস বা একুপ কোন যানবাহন ব্যবহার করা যাবে না।
- ০৮। প্রত্যেক কেন্দ্রের জন্য একজন করে নির্বাহী ম্যাজিস্ট্রেট/কর্মকর্তা (ট্যাগ অফিসার) নিয়োগ দিতে হবে। তিনি ট্রেজারী, থানা হেফাজত হতে কেন্দ্রসচিবসহ প্রশ্ন বের করে পুলিশ প্রহরায় বোর্ড কর্তৃক সরবরাহকৃত সকল সেটের প্রশ্ন কেন্দ্রে নিয়ে যাবেন।
- ০৯। প্রশ্নপত্র ট্রেজারি/থানা থেকে গ্রহণ, কেন্দ্রে প্রেরণ এবং পরীক্ষা কক্ষে বিতরণ সংক্রান্ত সকল কার্যক্রম পরীক্ষা সংক্রান্ত কার্যাবলি ম্যানুয়ালে অন্তর্ভুক্ত করতে হবে। প্রশ্নপত্র গ্রহণের সময় সংশ্লিষ্ট কর্মকর্তা এ ম্যানুয়াল অবশ্যই সাথে রাখবেন এবং ম্যানুয়াল অনুযায়ী প্রতিটি কাজ সঠিকভাবে প্রতিপালিত হয়েছে কি-না তা নিশ্চিত করবেন।
- ১০। ট্রেজারি/থানা থেকে প্রশ্ন কেন্দ্রে পৌছানোর জন্য দ্রুত অনুযায়ী বেশি সময় আগে প্রশ্ন না এনে প্রয়োজনীয় সময় নির্ধারণ করে প্রশ্নপত্র আনতে হবে।
- ১১। পরীক্ষা শুরু হওয়ার ২৫ মিনিট পূর্বে প্রশ্নের সেট কোড ঘোষণা করা হবে। সে অনুযায়ী নির্বাহী ম্যাজিস্ট্রেট/দায়িত্বপ্রাপ্ত সরকারি কর্মকর্তার উপস্থিতিতে তাঁর, কেন্দ্রসচিব ও পুলিশ কর্মকর্তার স্বাক্ষরে প্রশ্নপত্রের প্যাকেট বিধি অনুযায়ী খুলতে হবে।
- ১২। পরীক্ষা চলাকালীন এবং পরীক্ষার আগে পরে পরীক্ষা সংশ্লিষ্ট কাজের সময়ে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরীক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ব্যতীত অন্যদের প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ থাকবে। এ সময়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশকারী অননুমোদিত ব্যক্তিবর্গের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১৩। আসন্ন এসএসসি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে আগামী ২৮.০১.২০২০ থেকে ২৯.০২.২০২০ তারিখ পর্যন্ত সকল কোচিং সেন্টার বন্ধ থাকবে।

**১৪.১০.২০২০**  
পরীক্ষা নিয়ন্ত্রক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল  
ফোন অফিসঃ ০৪৩-৬৪০৮৫  
ইমেইল [barisalboard@gmail.com](mailto:barisalboard@gmail.com)